অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL INTREPID MUSEUM-এর কাছের কম ব্যবহার হওয়া হেলস কিচেন সাইটকে প্রাণবন্ত মিক্সড ইউজ ডেভেলপমেন্টে রূপান্তরিত করার জন্য প্রস্তাবনার অনুরোধ ঘোষণা করলেন

50,584 বর্গফুটের স্টেটের মালিকানার পার্সেলটি হাউজিংয়ের চাহিদা সমাধান এবং এলাকার প্রাণশক্তি বাড়ানোর ব্যাপারে অনন্য সুযোগ দেয়

এক্সিকিউটিভ পদক্ষেপের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের হাউজিং সঙ্কট সমাধান করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) সাহসী ভিশনের অংশ - যার মধ্যে আছে স্টেটের মালিকানার সাইটকে হাউজিং হিসেবে ব্যবহার করার উদ্যোগ

প্রস্তাবনার জন্য অনুরোধ পাওয়া যাবে [এখানে](), জমা দেওয়ার শেষ তারিখ 15 মে, 2025, দুপুর 2টা, ET

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 621 West 45th Street-এর রিডেভেলপমেন্টের জন্য প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP) ঘোষণা করেছেন, এটি ম্যানহাটনের (Manhattan) হেলস কিচেন (Hell's Kitchen) এলাকার একটি স্টেট মালিকানার পার্সেল। বর্তমানে একটি সার্ফেস পার্কিং লট হিসেবে ব্যবহার হওয়া সাইটটি West 45th এবং West 46th Street-এর মাঝখানের Twelfth Avenue-এর পূর্বদিকের ব্লকফ্রন্টে আনুমানিক 50,584 বর্গফুট জুড়ে আছে। এই প্রজেক্টটি হলো ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডের (West Side) সবথেকে বড় অনুন্নত পার্সেলগুলির একটিকে আবাসিক ও মিক্সড ইউজ ডেভেলপমেন্টের একটি প্রাণবন্ত কেন্দ্রের রূপান্তরিত করার একটি সুযোগ যা এলাকায় সাশ্রয়ী হাউজিংয়ের অতি গুরুত্বপূর্ণ চাহিদাকে সমাধান করবে। আবেদনকারীর প্রস্তাবনার অনুরোধের ডকুমেন্টটি দেখতে পারবে [এখানে]() এবং 15 মে, 2025, দুপুর 2টা, ইস্টার্ন টাইমের (Easter Time, ET) মধ্যে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) কাছে একটি প্রস্তাবনা জমা দিতে পারবে।

"একটি প্রাণবন্ত, ইনক্লুসিভ কমিউনিটি হিসেবে ম্যানহাটনের ওয়েস্ট সাইডের বহু স্তরের ইতিহাস আছে, এবং আরো সাশ্রয়ী একটি ভবিষ্যৎ গঠন করার মাধ্যমে সেই লিগেসিকে জোরদার করার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই কম ব্যবহার হওয়া স্টেট মালিকানার প্রোপার্টিকে একটি উল্লেখযোগ্য সাশ্রয়ী হাউজিং অংশসহ একটি ডাইনামিক মিক্সড ইউজ ডেভেলপমেন্টে রূপান্তরিত করার মাধ্যমে আমরা অধিক চাহিদার

একটি এলাকায় কম আবাসনের সাপ্লাইয়ের সমাধান করতে এবং হেলস কিচেন ও তার বাইরেও বাসিন্দাদের জন্য আরো মজবুত একটি কমিউনিটি গঠন করতে চাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "একটি স্টেট মালিকানার সম্পদকে একটি সমৃদ্ধ আবাসিক ও মিক্সড ইউজ ডেভেলপমেন্টে রূপান্তরিত করার এটি একটি অসাধারণ সুযোগ যা নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণ করবে এবং একই সাথে হেলস কিচেন এলাকার প্রাণশক্তি ও ডাইভার্সিটি উন্নত করবে। কম ব্যবহার হওয়া একটি সাইটকে নতুন উদ্দেশ্যে ব্যবহার করার মাধ্যমে আমরা সাশ্রয়ী হাউজিং দিতে পারবো, আরো জনগণের জড়িত হবার স্থান তৈরি করতে পারবো, এবং ম্যানহাটনের সবথেকে ডাইনামিক কমিউনিটিগুলির একটিতে অর্থনৈতিক বিকাশ সম্ভব করতে পারবো। আমরা নতুন ধরণের প্রস্তাবনা রিভিউ করতে চাই যা এই ভিশনকে বাস্তব করবে এবং কমিউনিটিতে একটি দীর্ঘস্থায়ী, ভালো প্রভাব ফেলবে।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করতে আমাদের চেষ্টায় গভর্নর Hochul-এর (হোকল) 2025 বাজেট ঐতিহাসিক অবদান রাখবে এবং সেখানে স্টেট মালিকানার জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা তৈরির একটি প্রস্তাবনা আছে। এই ঘোষণাটি হলো সেই প্রতিশ্রুতির ব্যাপারে পদক্ষেপ নেওয়ার একটি সুনির্দিষ্ট উদাহরণ। দীর্ঘদিন ধরে কম ব্যবহার হওয়া এবং খারাপ অবস্থায় থাকা 12th Avenue-এর কাছের এই সাইটটি হলো ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডে ইনক্লুসিভ মিক্সড ইউজ ডেভেলপমেন্টের জন্য আদর্শ, এটি হেলস কিচেনের এই এলাকাকে নোঙ্গর করবে, ডাইভার্সিফাই করবে এবং স্থিতিশীল করবে, যার ফলে এটি ইতিমধ্যে যা আছে তার থেকেও বড় একটি গন্তব্য হয়ে উঠবে, এটি অনেকের জন্য তাদের বাসা হবে।"

পার্সেলটি নতুন ধরণের রিডেভেলপমেন্টের মাধ্যমে নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করার জন্য একটি অনন্য সুযোগ দেয়। এর আগে Intrepid Sea, Air & Space Museum-কে সমর্থন করা একটি সার্ফেস পার্কিং লট হিসেবে ব্যবহার হওয়া সাইটটি ম্যানহাটনের হেলস কিচেন এলাকার একটি গুরুত্বপূর্ণ অবস্থানে, হাডসন রিভারের ওয়াটারফ্রন্টের পাশে অবস্থিত। Hudson River Park, পরিবহন কেন্দ্র এবং প্রাণবন্ত স্থানীয় সুযোগ সুবিধার কাছে অবস্থিত হওয়ার কারণে এই কম ব্যবহার হওয়া পার্সেলটির রিডেভেলপমেন্ট ইনক্লুসিভ বিকাশের একটি ভিত্তিপ্রস্তর হিসেবে কাজ করবে, অতি প্রয়োজনীয় সাশ্রয়ী হাউজিং দিবে, মিক্সড ইউজ ডেভেলপমেন্ট সম্ভব করবে, এবং বর্তমান ও ভবিষ্যতের বাসিন্দাদের জীবনযাত্রার মাণ উন্নত করবে।

প্রস্তাবনার অনুরোধে মুখ্য ডেভেলপমেন্ট লক্ষ্যের রূপরেখা দেওয়া আছে যা সাইটের সম্ভাবনাকে সর্বোচ্চ করবে এবং কমিউনিটির উপর একটি রূপান্তরকারী প্রভাব নিশ্চিত করবে। এর মধ্যে রয়েছে:

- অনসাইটে সর্বনিম্ন 25 শতাংশ সাশ্রয়ী হাউজিং ইউনিট, যা এলাকার ইনক্লুসিভ এবং অ্যাক্সেসিবল বসবাসের সুযোগ তৈরি করবে।
- আবাসিক ও বাণিজ্যিক স্থানের একটি মিশ্রণ যা এলাকার চাহিদা ও চরিত্রের প্রতিফলন করে, বাসিন্দাদের সমর্থন করার জন্য এবং স্ট্রিটস্কেপকে প্রাণবন্ত করতে সুযোগসুবিধা ও সেবা দিবে।

- আপন মনে হওয়ার একটি চেতনা তৈরি করতে এবং বাসিন্দা ও বেড়াতে আসা মানুষের মধ্যে সামাজিক যোগাযোগ তৈরি করতে কমিউনিটি স্পেস যোগ করা হবে।
- Intrepid Museum-এর পার্কিং এবং পথচারী ব্রিজের অ্যাক্সেস অধিকার রক্ষা করা, নিশ্চিত করা যাতে বিদ্যমান সাংস্কৃতিক ও বিনোদনমূলক সম্পদের সাথে নির্বিঘ্নে যুক্ত করা যায়।
- প্রাণবন্ত এবং নানা ধরণের স্ট্রিটস্কেপ তৈরি করার জন্য নকশা করা ফর্ম ও ফ্যাসেড বানানো, এলাকার দৃষ্টি আকর্ষণ করা এবং হাঁটার যোগ্যতাকে উন্নত করা।

রিপ্রেজেন্টেটিভ Jerry Nadler (জেরি ন্যাডলার) বলেন, "এটি কোনো গোপন ব্যাপার না যে নিউ ইয়র্কবাসীরা একটি হাউজিং সঙ্কটের মুখোমুখি হয়েছে, এবং Intrepid-এর বিপরীতের 12th Avenue-এর স্টেট মালিকানার সার্ফেস পর্যায়ের পার্কিং লটকে আবাসিক ও বাণিজ্যিক ডেভেলপমেন্টের মিশ্রণে রূপান্তর করা, যেখানে কমপক্ষে 25 শতাংশ সাশ্রয়ী থাকবে, তা পুরো সিটির জন্য একটি বিজয়।হেলস কিচেনের এই প্রোপার্টিটি হলো ফার ওয়েস্ট সাইডের সবথেকে বড় অনুন্নত পার্সেলগুলির একটি এবং এর রূপান্তর একটি প্রাণবন্ত মিক্সড ইউজ ডেভেলপমেন্ট তৈরি করবে, এবং একই সাথে নিশ্চিত করবে যাতে Intrepid-এর কাছে এর প্রয়োজনীয় পার্কিং এবং এর অ্যাক্সেস থাকে এবং কমিউনিটির কাছে Hudson River Park-এ পথচারী ব্রিজের অ্যাক্সেস থাকে।"

স্টেটের সিনেটর Brad Hoylman-Sigal (ব্র্যাড হোয়েলম্যান-সিগাল) বলেন, "ম্যানহাটনের ওয়েস্ট সাইডে আরো সাশ্রয়ী হাউজিং আসতে দেখে আমি খুশি। গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ঘোষণা করা এই পরিকল্পনাটি একটি স্টেটের পার্কিং লটের 50,000-এর বেশি বর্গফুটকে নতুন সাশ্রয়ী এবং বাজার দরের হাউজিংয়ে রূপান্তরিত করবে, এবং একই সাথে থাকবে এলাকার জন্য সুযোগ সুবিধা ও সমর্থন সেবা। এই প্রজেক্টকে বাস্তব করতে সাহায্য করার জন্য পুরো প্রক্রিয়ার সময় আমি কমিউনিটি বোর্ড 4 এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে কাজ করতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য Linda B. Rosenthal (লিন্ডা বি রোজেনথাল) বলেন, "এখন পৃথিবীর যা প্রয়োজন তা হলো আরো অনেক বেশি হাউজিং। Donald Trump-এর (ডোনাল্ড ট্রাম্প) নিষেধাজ্ঞামূলক স্টিল ট্যারিফ এবং ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আর্বান ডেভেলপমেন্টে (Department of Housing and Urban Development, HUD) বিপর্যয় সৃষ্টিকারী চাকরি থেকে বের করে দেওয়ার ফলে ফেডারেল সরকার একটি জাতীয় ক্রয়ক্ষমতা সঙ্কটের সময় হাউজিং তৈরি করা অত্যন্ত কঠিন করে দিয়েছে। সেজন্য আমার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে একটি নতুন আবাসিক ভবন তৈরির জন্য পরিকল্পনাকে স্বাগত জানাতে পেরে আমি খুশি, এটি ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডে অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন এবং বাণিজ্যিক বিকাশ উভয় নিয়ে আসবে। তবে, আমরা এখানে থামতে পারবো না, পুরো স্টেটে সম্ভাব্য কম ব্যবহার হওয়া বা খালি জমিকে হাউজিং সুযোগের জন্য সনাক্ত ও চিহ্নিত করতে আমি গভর্নরকে তাগিদ দিতে থাকবো।"

কাউন্সিলের সদস্য Erik Bottcher (এরিক বটচার) বলেন, "আমাদের কমিউনিটির জন্য আরো বেশি সাশ্রয়ী হাউজিংয়ের প্রস্তাব দেখা দারুণ একটি ব্যাপার। গভর্নর Hochul (হোকল)

এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের উদ্যোগটি একটি সার্ফেস পার্কিংকে অতি প্রয়োজনীয় হাউজিংয়ে, এবং সেই সাথে অতি প্রয়োজনীয় সেবা ও কমিউনিটির রিসোর্সে রূপান্তরিত করবে। এই প্রজেক্টকে সমর্থন করার জন্য এবং এর কাজ শেষ করতে সাহায্য করার জন্য কমিউনিটি বোর্ড 4 (Community Board 4) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে কাজ করতে আমি আগ্রহী।"

ম্যানহাটনের কমিউনিটি বোর্ড 4-এর চেয়ার Jessica Chait (জেসিকা চেইট) বলেন, "ম্যানহাটনের কমিউনিটি বোর্ড 4-এর অ্যাফোর্ডেবল হাউজিং প্ল্যান নিউ ইয়র্কের জন্য অতি জরুরিভাবে প্রয়োজনীয় হাউজিং তৈরি করার সবথেকে কার্যকর উপায়গুলির একটি হিসেবে অনুন্নত ও কম ব্যবহার হওয়া সিটি এবং স্টেট মালিকানার জমি ব্যবহার করার পক্ষে ছিলো, এবং আমরা অনেক খুশি যে এমন প্রজেক্ট অগ্রসর করার জন্য গভর্নর এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে নির্দেশ দিয়েছেন। বাস্তব বাসা ও কমিউনিটির লাভ তৈরি করে এবং একই সাথে হেলস কিচেনের ঐতিহাসিক এলাকাকেও সম্মান জানায় এমন একটি প্রজেক্ট তৈরি করার জন্য আমরা ESD ও এর পার্টনারদের সাথে কাজ করতে চাই।"

গভর্নর Hochul-এর (হোকল) সার্বিক হাউজিং এজেন্ডা অগ্রসর করা

প্রজেক্টটি Pro-Housing Communities প্রোগ্রাম এবং এক্সিকিউটিভ অর্ডার 30 (Executive Order 30), যা অতি প্রয়োজনীয় ডেভেলপমেন্ট শুরু করে দিতে বাঁধা ভাঙ্গতে পারে এমন সমাধানের প্রচার করে, এগুলির মতো নতুন ধরণের ব্যবস্থার মাধ্যমে স্টেটের হাউজিং সাপ্লাই বাড়াতে গভর্নরের সাহসী ভিশনের উপর ভিত্তি করে হয়েছে। ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর বাজেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেছেন যার মধ্যে আছে আপস্টেট কমিউনিটির জন্য নতুন ট্যাক্স ইন্সেন্টিভ, নিউ ইয়র্ক সিটিতে আরো হাউজিং তৈরির জন্য টার্গেটেড রিলিফ, এবং স্টেট মালিকানার প্রোপার্টিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা তৈরির জন্য একটি 500 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল তহবিল। আরো 600 মিলিয়ন মার্কিন ডলারের স্টেটব্যাপী তহবিল এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ক্রয়ক্ষমতা ও সমতার ব্যাপারে গভর্নরের প্রতিশ্রুতিকে তুলে ধরে।

এই চেষ্টাগুলি গভর্নরের FY23-এর পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের হাউজিং প্ল্যানকে (Housing Plan) আরো অগ্রসর করে যার উদ্দেশ্য ছিলো 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্ট সিস্টেমসহ 10,000টি থাকবে, এবং আরো 50,000 ইউনিটকে ইলেক্ট্রিফাই করা হবে। এখন পর্যন্ত এই উদ্যোগের অধীনে 55,000-এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও FY25-এর পাশ করা বাজেট Pro-Housing Community প্রোগ্রামকে জোরদার করে, 650 মিলিয়ন মার্কিন ডলারের বিবেচনামূলক তহবিলের অ্যাক্সেস পেতে মিউনিসিপ্যালিটিগুলির জন্য প্রো-হাউজিং সার্টিফিকেশনকে (Pro Housing Certification) একটি পূর্বশর্ত করে। বর্তমানে, নিউ ইয়র্ক সিটিসহ 275টি কমিউনিটি সার্টিফাইড হয়েছে, যা নিউ ইয়র্কের অতি গুরুত্বপূর্ণ হাউজিং চাহিদা পূরণ করার ব্যাপারে পুরো স্টেটের বিকাশমান প্রতিশ্রুতিকে তুলে ধরে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন